ইরান, সিরিয়া ও ইরাকের আকাশসীমা বন্ধ ঘোষণা

written by Chandradip News24 | October 26, 2024

পটুয়াখালী প্রতিনিধি :: ইরানের সামরিক স্থাপনায় ইসরায়েলের হামলার প্রেক্ষিতে ইরান, সিরিয়া ও ইরাকের আকাশসীমা বন্ধ ঘোষণা করা হয়েছে। ইসরায়েলের পরবর্তী হামলার আশঙ্কায় উড়োজাহাজ চলাচল স্থগিত রাখা হয়েছে।

ইসরায়েলের সেনাবাহিনী জানিয়েছে, তারা ইরানের সুনির্দিষ্ট লক্ষ্যে হামলা চালিয়েছে। ইসরায়েল ইরানকে সতর্ক করে বলেছে, ইরান যেন ভবিষ্যতে এ ধরনের ভুল না করে।

শুক্রবার দিবাগত রাতে ইরানের সামরিক স্থাপনাগুলোতে হামলা চালানো হলে, তেহরান বিকট শব্দে কেঁপে ওঠে। হামলার পর ইরান ক্ষয়ক্ষতির তথ্য জানায়নি।

ইসরায়েলের হামলার পর ইরান, সিরিয়া ও ইরাক তাদের আকাশসীমা বন্ধ ঘোষণা করে। এর ফলে সামরিক এবং বেসামরিক উড়োজাহাজের চলাচল পুরোপুরি বন্ধ রয়েছে। তবে ইরান জানিয়েছে, শনিবার সকাল ৯টায় তাদের আকাশসীমা উড়োজাহাজ চলাচলের জন্য খুলে দেওয়া হবে।

ফ্লাইট ডাটার তথ্যমতে, ইসরায়েল থেকে তেহরানে ১,৬০০ কিলোমিটার দূরত্বে অবস্থিত। একটি এফ-১৬ ফাইটার জেট ঘণ্টায় ২,৪০০ কিলোমিটার গতিতে হামলা চালিয়ে তেহরানে পৌঁছাতে মাত্র ৫০ মিনিট সময় নেয়।